



বিএএফ শাহীন কলেজ বগুড়া, বারপুর, বগুড়া

টেলিফোন-০৫১৬৫৫৬০ মোবাইল- ০১৭৬৯৪০৫৫৯২, ০১৭৩৭৬০৬৫৭৯

ওয়েবসাইট: www.bafsb.edu.bd

ই-মেইল: bafshaheenbogura@gmail.com

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক পরিচালিত বিএএফ শাহীন কলেজ বগুড়া-এর স্কুল শাখায় পাঠদানের জন্য প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে ১ জন অস্থায়ী সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) নিয়োগ করা হবে। এ লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/সমমান অথবা তদূর্ধ্ব ডিগ্রিধারী প্রার্থীগণ (সমগ্র শিক্ষাজীবনে যেকোনো ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য) কলেজের অধ্যক্ষ বরাবর আগামী ১৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে রেজি: ডাকযোগে অথবা সরাসরি কলেজ অফিসে পূর্ণ জীবনবৃত্তান্তসহ আবেদন করতে পারবেন। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক বগুড়া বাজার শাখার অনুকূলে ৫০০.০০ টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদপত্র, পাসপোর্ট সাইজের দুইকপি ছবি এবং অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) সংযুক্ত করতে হবে। অভিজ্ঞ ও প্রশিক্ষপ্রাপ্ত প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। চাকুরীরত প্রার্থীদেরকে নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নিয়োগ লাভের পর প্রতিষ্ঠানের প্রচলিত নিয়মানুযায়ী বেতন-ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে এবং ভবিষ্যতে যথাযথ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ লাভের সম্ভাবনা রয়েছে।

অধ্যক্ষ

বিএএফ শাহীন কলেজ বগুড়া

০৪ মার্চ ২১